

অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে সাউথ ওয়েস্ট এলাকায় অন্যতম বৃহত্তম ঈদুল ফিতরের জামাত অনুষ্ঠিত

মুসলিম উম্মাহর দুটি বড় ধর্মীয় উৎসবের অন্যতম হলো ঈদুল ফিতর। মহান আল্লাহর সন্তুষ্টি লাভের প্রত্যাশায় দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর সমস্ত মুসলমানরা এ উৎসবটি অত্যন্ত আনন্দ ও খুশির মধ্য দিয়ে পালন করে থাকে। গত ১০ সেপ্টেম্বর শুক্রবার সিডনির অধিকাংশ এলাকার মুসলমানরা এ ধর্মীয় উৎসবটি অত্যন্ত আনন্দ ও উদ্দীপনার মধ্যে দিয়ে পালন করেছে। সিডনির সাউথ ওয়েস্ট এলাকার অন্যতম বৃহত্তম বাংলাদেশীদের জামাত অনুষ্ঠিত হয় মিন্টু পুলিশ সিটিজেনস ইয়ুথ ক্লাবে। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার আয়োজিত পুলিশ সিটিজেন ক্লাবে ঈদের নামাজ শুরু হয় সকাল ৭.৩৫ মিনিটে। কর্মদিবসে অনুষ্ঠিত ঈদের জামাতে বিপুল সংখ্যক বাংলাদেশী মুসল্লিরা শরিক হয়। সম্ভ্রামিক ধারণ সম্পন্ন পুলিশ সিটিজেন ক্লাবে প্রায় কানায় কানায় পূর্ণ জামাতের ইমামতি করেন মিন্টু মসজিদে সাউথ আফ্রিকা থেকে আগত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলেম শেখ আবু বকর। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ারের পূর্ব নির্ধারিত ইমাম হাফেজ নিজাম চৌধুরী ঈদের জামাতে উপস্থিত সাউথ আফ্রিকা থেকে আগত আলেম শেখ আবু বকরকে ইমামতি করার অনুরোধ করলে শেখ আবু বকর জামাতে ইমামতি করতে রাজী হন। খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার। জনাব আফছার অত্যন্ত সংক্ষিপ্তভাবে সংগঠনের বর্তমান আর্থিক চিত্র ও কার্যক্রম তুলে ধরেন। তিনি জানান যে, সংগঠনের বর্তমান সদস্য সংখ্যা ৩৯০ এবং মসজিদ প্রকল্পের জন্য এ পর্যন্ত সংগৃহীত অর্থের পরিমাণ দুই লক্ষ একান্ন হাজার ডলার। তিনি জানান, ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য মিন্টু ও ইঙ্গেলবার্নের কর্নারে ৭,৩৫,০০০ ডলারের বিনিময়ে ৫ একর বিশিষ্ট জায়গা ক্রয় করা হয়েছে। যার মাত্র ১০% ডিপোজিট প্রদান করা হয়েছে। বাকী অর্থ আগামী নভেম্বর মাসের মধ্যে পরিশোধ করতে হবে। কমিউনিটির সকলে এগিয়ে আসলে অচিরেই অত্র এলাকায় একটি মসজিদ ভিত্তিক কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য ক্রয়কৃত জমির বাকী অংশ পরিশোধ করা সম্ভব হবে। ঈদ জামাতে ফেডারেল এম.পি, ক্যাম্ববেলটাউন কাউন্সিলের কাউন্সিলর, ই-মিডিয়া, প্রিন্ট মিডিয়ার কর্মকর্তাগনসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ জামাতে উপস্থিত ছিল। ক্যাম্ববেলটাউন এলাকা (Werriwa) থেকে সদ্য নির্বাচিত ফেডারালে এম.পি Mr. Laurie Ferguson ও ক্যাম্ববেলটাউন সিটি কাউন্সিলের মেয়রের প্রতিনিধি কাউন্সিলর Mr. Anoulack Chanthivong উপস্থিত ছিল। অতিথিরা উপস্থিত সকল মুসল্লিদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। সংক্ষিপ্ত বক্তব্যে অতিথিরা বাংলাদেশীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন এবং বাংলাদেশী কমিউনিটির সাথে আরও সুসম্পর্ক গড়ে উঠার আশাবাদ ব্যক্ত করেন। অত্র এলাকায় একই দিনে ঈদ হওয়াতে বাংলাদেশীদের মধ্যে আনন্দের সীমা ছিল না। শিশুরাও ঈদের আনন্দ উপভোগ করেছে। পরে সংগঠনের পক্ষ থেকে সকলকে মিষ্টি মুখ করানো হয়। হাসি ও সুন্দরময় জীবনের প্রত্যাশায় সবাই ফিরেছে গেছে ঘরে। বৃহত্তর ক্যাম্ববেলটাউন এলাকায় ক্রমবর্ধমান মুসলিমদের সংখ্যা বৃদ্ধির ফলে অত্র এলাকায় অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার একটি মসজিদ ভিত্তিক কমপ্লেক্স প্রতিষ্ঠার প্রকল্প নিয়েছে। নিরলসভাবে দীর্ঘদিন অবিরাম কাজ করে যাচ্ছে। এ প্রকল্পে বাংলাদেশীদের সরাসরি সহযোগিতার প্রয়াসে বিভিন্ন কর্মসূচী বিশেষ করে মুসলিম ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসগুলিসহ কোরবানী, ঈদের জামাত ও ঈদ উৎসব সহ অন্যান্য অনুষ্ঠানগুলি সাফল্যের সাথে পালন করে আসছে।



জামাতে উপস্থিত বাংলাদেশীদের একাংশ



জামাতে উপস্থিত বাংলাদেশীদের একাংশ



জামাতে উপস্থিত বাংলাদেশীদের সাথে বিদেশী মুসল্লিরাও অংশগ্রহন করে



ফেডারেল এম.পি Mr. Laurie Ferguson



খুতবা দিচ্ছেন শেখ আবু বকর



জামাত শেষে মুসল্লিদেও সাথে বা থেকে তৃতীয় ড. আনিছুল আফছার, শেখ আবু বকর, পঞ্চম হাফেজ নিজাম চৌধুরী।



জামাতের পর কোলাকুলির পালা



জামাতে উপস্থিত মহিলাদের একাংশ



শিশুরাও রংবেরং বাংলাদেশী পোশাকে জামাতে শরীক হয়